রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ২৭, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৪ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ/ ২৭ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নম্বর ৬৮-আইন/২০২৫।—সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে যে গত ১২ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে গঠিত জাতীয় ঐকমত্য কমিশনের সহ-সভাপতি ও সদস্যগণ বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের বিচারপতির মর্যাদা, বেতন-ভাতা ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, কমিশনের কোনো সদস্য অবৈতনিক হিসাবে দায়িত্ব পালন করিতে চাহিলে বা সুযোগ-সুবিধা গ্রহণ করিতে না চাহিলে তাহা অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা অনুমোদন করিতে পারিবেন।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

জাহেদা পারভীন
সচিব, সমন্বয় ও সংস্কার
(মন্ত্রিপরিষদ সচিবের রুটিন দায়িত্বে)

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



মূল্য : টাকা ৪.০০